গাংনী ফুটবল একাডেমিকে ট্রাইবেকারে হারিয়ে মোনাখালি ইউনিয়ন একাদশ দ্বিতীয় রাউন্ডে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর ৬ষ্ঠ দিনের খেলায় গাংনী উপজেলার গাংনী ফুটবল

একাডেমিকে ট্রাইবেকারে হারিয়ে মুজিবনগরের মোনাখালি ইউনিয়ন ফুটবল একাদশ দ্বিতীয় রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে।

উত্তেজনাপূর্ণ খেলাটিতে প্রথম অর্ধের ৫ মিনিটের সময় গাংনী ফুটবল একাদশের পক্ষে ফরোয়াড ফারহান তানজিলের দৃষ্টিনন্দন গোল করে দলকে এগিয়ে নেন। এরপর কোন দলই গোল করতে পারেনি।

পরে দ্বিতীয় অর্ধের মাত্র ৪ মিনিট বাকী থাকতে মোনাখালি ইউনিয়ন একাদশের ফরোয়াড ইব্রাহিম গোল করে খেলার সমতা ফেরান। তবে উত্তেজনাপূর্ণ ম্যাচটিতে উভয় দলই কয়েকটি করে গোল সুযোগ হারান।

পরে ট্রাইবেকারে প্রথম ৫ টি করে বল দেওয়া হয়। দুটি দলই ৫ টি করে গোল তুলে নেন। পরে আবারও ১ টি করে বল কিক করার সুযোগ দিলে প্রথম কিক দিতে আসেন গাংনী ফুটবল একাডেমির হুসাইন। বলটি গোলকিপার লুফে নেন। পরে মোনাখালি ইউনিয়ন একাদশের খেলোয়াড় কিক দিয়ে বল জালে ঢুকিয়ে দেন।

খেলায় বিচারকদের দৃষ্টিতে সেরা খেলোয়াড়ের হিসেবে নির্বাচিত হন মোনাখালি ইউনিয়ন ফুটবল একাদশের পক্ষে ফরোয়াড ইব্রাহিমকে। তাকে টুর্নামেন্টের পক্ষ থেকে ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত করা হয়।

তার হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের পরিচালনা কমিটির সভাপতি এমদাদুল হক ও সদস্য মাহাবুবুল হক মন্টু।

এসময় মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের আহবায়ক সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, খেলা পরিচালনা কমিটির নির্বাহী সদস্য, আমিরুল বসিলাম অল্ডাম, সেলিম রেজা, হাসানুজ্জামান বাবু, জাহাঙ্গীর আলম, শামসুজ্জামান শামীম, মাহাবুব হাসান ডালিম ।

রেফারি হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন গাংনীর মাহাবুব হোসেন। তাকে সহযোগীতা করেন গাংনীর টুটুল রহমান ও মুজিবনগরের সোহেল রানা। চতুর্থ রেফারি হিসেবে ছিলেন আব্বাছ উদ্দীন। খেলার ধারাভাষ্যে ছিলেন আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন।

উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত ছিলেন।

আজ ১০ জুন ৭ম ম্যাচে একই মাঠে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন একাদশ ও গাংনী উপজেলার কাথুলি ইউনিয়ন একাদশের মধ্যে লড়াই হবে।